

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭
www.mod.gov.bd

নম্বর ২৩.০০.০০০০.১১০.২৭.০৬২.১৬(অংশ ১). ২৮৪ তারিখ: ১৫ মাঘ ১৪২৫/ ২৮ জানুয়ারি ২০১৯

বিষয় : দপ্তর/সংস্থা পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনার দ্বিতীয় প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর) ফিডব্যাক সভায় কার্যবিবরণ।

সভার সভাপতি : মোঃ সফিকুল আহম্মদ
অতিরিক্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়।
সভার তারিখ ও সময় : ২৪ জানুয়ারি ২০১৯, সকাল ১১:০০ ঘটিকা।
সভার স্থান : সম্মেলন কক্ষ, প্রতিরক্ষা মন্ত্রণালয়।
সভার উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-‘ক’।

২। সভাপতি দপ্তর/সংস্থার ‘নৈতিকতা কমিটি’র ফোকাল পয়েন্টগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি দপ্তর/সংস্থার ২০১৮-২০১৯ অর্থবছরের নির্ধারিত ছক অনুযায়ী প্রস্তুতকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা যথাযথভাবে পালনের উপর গুরুত্ব আলোচনা করেন। তিনি বলেন জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মসূচী মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নিয়মিত পর্যবেক্ষণ করা হয়। এ কর্মসূচী বাস্তবায়নে অবহেলার কোন সুযোগ নেই। অতঃপর প্রত্যেক দপ্তর/সংস্থার দ্বিতীয় প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর) কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপনের অনুরোধ করেন।

৩। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনার দ্বিতীয় প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর) বাস্তবায়ন অগ্রগতি পৃথকভাবে সভায় উপস্থাপন করা হয়। প্রতিবেদন উপস্থাপন কালে দেখা যায় অনেক দপ্তর/সংস্থার কার্যক্রম ভালো আবার দু/একটি দপ্তর/সংস্থার কার্যক্রম সন্তোষজনক নয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করে কর্মপরিকল্পনা সুষ্ঠুভাবে বাস্তবায়নের দিক নির্দেশনা ও পরামর্শ প্রদান করা হয়।


৪। সভাকে অবহিত করা হয় যে, সামরিক চিকিৎসা সার্ভিসেস মহাপরিদপ্তর ও প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর-এর অগ্রগতির প্রতিবেদন পাওয়া যায়নি।

৫। বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

৫.১ ক) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ক্ষেত্রে স্ব স্ব কর্মপরিকল্পনা অনুযায়ী সবাইকে আরো আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করতে হবে;

খ) যে সকল দপ্তর/সংস্থার ২০১৮-১৯ অর্থবছরের প্রণয়নকৃত কর্মপরিকল্পনায় সমস্যা চিহ্নিত করা হয়েছে তা সংশোধনপূর্বক স্ব স্ব ‘নৈতিকতা কমিটি’র অনুমোদনক্রমে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৬. সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২৮/১/১৯
(মোঃ সফিকুল আহম্মদ)
অতিরিক্ত সচিব
এবং
ফোকাল পয়েন্ট
নৈতিকতা কমিটি
প্রতিরক্ষা মন্ত্রণালয়

